



লালমাটিয়া সরকারি মহিলা কলেজ (আবাসিক/অনাবাসিক)

ফোন : ০২-৪৮১২০৭৯২, ০২-৪৮১১৮৫৪৩ মোবাইল : ০১৫৫৯-০৮২১৫০
কলেজ কোড : ৬৪৪৭, ওয়েবসাইট : www.lalmatiamohilacollege.edu.bd

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক কলেজ পারফরমেন্স ব্যাংকিং-এ জাতীয় পর্যায়ে সেরা মহিলা কলেজ ও মডেল কলেজ হিসেবে স্বীকৃত ঐতিহ্যবাহী লালমাটিয়া সরকারি মহিলা কলেজ

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) কোর্সে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরী সায়েন্স এ ভর্তির কার্যক্রমে অনলাইনে প্রাথমিক আবেদন বিশ্ববিদ্যালয় কর্তৃক ১২/১০/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।

ভর্তির যোগ্যতা: জাতীয় বিশ্ববিদ্যালয়/ইউজিসি স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে তিন বছর মেয়াদী স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) অথবা চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম ৪০% নম্বর/সিজিপিএ ২.০০ পেয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স প্রফেশনাল কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

আবেদন প্রক্রিয়া: আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions এর Master's Tab Select করে Blank Data Entry Form (Masters Prof.) অপশনে ক্লিক করে ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীর নাম, পিতা ও মাতার নামসহ সংশ্লিষ্ট স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) পরীক্ষার রোল নম্বর, বিশ্ববিদ্যালয়ের নাম, পাসের সন, পঠিত বিষয়/কোর্স, প্রাপ্ত নম্বর/সিজিপিএ ও মোট নম্বর, একটি নিবন্ধিত মোবাইল নম্বর, ইমেইল নম্বর সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। আবেদনকারীর তথ্য ছকে Male এর স্থলে Female অথবা Female স্থলে Male প্রদর্শিত হলে Click to Change অপশনে গিয়ে সঠিক Gender এন্ট্রি দিতে হবে। আবেদনকারী তার ভর্তি যোগ্য (Eligible) বিষয়ের তালিকা দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী ঢাকা বিভাগ ও ঢাকা জেলায় লালমাটিয়া মহিলা কলেজ সিলেক্ট করলে ভর্তি যোগ্য কোর্সের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সর্বকর্তার সাথে তার প্রার্থিত কোর্সের পছন্দক্রম নির্ধারণ করতে হবে। অতঃপর আবেদনকারীকে সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবি মাপ হবে 120 X 150 pixels, Image Type: Jpg এবং maximum file size : 50Kb. প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে। আবেদনকারীর স্নাতক পর্যায়ে অর্জিত সনদ ও মার্কশীটের সত্যায়িত কপি ও দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে। বিস্তারিত জানতে ভিজিট করুন জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) ও কলেজের ওয়েব সাইট (www.lalmatiamohilacollege.edu.bd).

ডিপ্লোমা কোর্সের (প্রফেশনাল) ভর্তি রোল নম্বর পাওয়ার পর উক্ত রোল নম্বর ব্যবহার করে প্রাথমিক আবেদন ফি বাবদ নিট (চার্জ ব্যতীত) ৩০০/- (তিনশত) টাকা মোবাইল ব্যাংকিং (বিকাশ ০১৭৫২০০৫০৭১) এর মাধ্যমে জমা দিতে হবে। বিকাশে টাকা পাঠানোর সময় রেফারেন্স নম্বরে তার ভর্তি রোল নম্বর দিতে হবে।

বিকাশ অ্যাপ দিয়ে যেভাবে পেমেন্ট করবেন:

- ১। বিকাশ অ্যাপ হোমস্ক্রিন থেকে পেমেন্ট সিলেক্ট করে লালমাটিয়া সরকারি মহিলা কলেজ এর বিকাশ নম্বর ০১৭৫২০০৫০৭১ টাইপ করুন।
- ২। টাকার পরিমাণ দিন ৩০০+৪ (বিকাশ চার্জ) ৩০৪ টাকা না দিলে পেমেন্ট সঠিক ধরা হবে না।
- ৩। রেফারেন্স হিসেবে ডিপ্লোমা কোর্সের ভর্তির রোল নম্বর দিন। রোল নম্বর না দিলে পেমেন্ট সঠিক ধরা হবে না।
- ৪। পেমেন্ট বিকাশ সম্পন্ন করতে ট্যাপ করে কিছুক্ষণ ধরে রাখুন।


***২৪৭# ডায়াল করে যেভাবে পেমেন্ট বিকাশ করবেন:**

- ১। *২৪৭# ডায়াল করুন এবং মেন্যু থেকে ৪ চেপে পেমেন্ট বেছে নিন।
- ২। লালমাটিয়া সরকারি মহিলা কলেজের বিকাশ নম্বর ০১৭৫২০০৫০৭১ টাইপ করুন।
- ৩। আবেদন ফি বাবদ ৩০০+৪ (বিকাশ চার্জ) ৩০৪/- টাকা এন্ট্রি দিন।
- ৫। রেফারেন্স হিসেবে ডিপ্লোমা কোর্সের ভর্তির রোল নম্বর দিন। রোল নম্বর না দিলে পেমেন্ট সঠিক ধরা হবে না।
- ৬। কাউন্টার নম্বর ১ লিখে আপনার বিকাশ অ্যাকাউন্ট এর পিন নম্বর দিয়ে সেভ করুন।


এছাড়াও স্বাস্থ্যবিধি মেনে কলেজে উপস্থিত হয়ে অনলাইনে আবেদন ফরম পূরণ ও জমা দেয়া যাবে।

কলেজে উপস্থিত হয়ে প্রাথমিক আবেদন ফরম ও ফি (৩০০/- টাকা) ১০ নং কাউন্টারে জমা দেওয়া যাবে। আবেদন ফরমের সাথে এসএসসি, এইচএসসি ও স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষা পাসের নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি জমা দিতে হবে।

যে সকল শিক্ষার্থী ৩০০/- টাকা জমা দিবে তাদের প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করা হবে। কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন হলে শিক্ষার্থীদের মোবাইল নম্বরে SMS যাবে। এছাড়াও www.nu.ac.bd/admissions এ Applicant Login গিয়ে রোল নম্বর ও পিন নম্বর সঠিকভাবে এন্ট্রি দিয়ে কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করা হয়েছে কি না তা জানা যাবে।


অধ্যক্ষ ২৩/১০/২০২২

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা


২৩/১০/২০২২